

## Third meeting of BRICS Sherpas and Sous Sherpas

September 07, 2021

### ব্রিক্স শেরপা এবং সউস শেরপাদের তৃতীয় বৈঠক

সেপ্টেম্বর ০৭, ২০২১

ভারতের সভাপতিত্বে ৭ ই সেপ্টেম্বর ২০২১ তারিখে ব্রিক্স শেরপা এবং সউস শেরপাদের বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সভায় পৌরোহিত্য করেন সচিব (সিপিভি ও ওআইএ) এবং ভারতের ব্রিক্স শেরপা শ্রীযুক্ত সঞ্জয় ভট্টাচার্য্য। ব্রাজিলের ব্রিক্স শেরপা রাষ্ট্রদূত সারকিস জে বি সার্কিস; রাশিয়ার ব্রিক্স শেরপা রাষ্ট্রদূত সেরগেই রিয়াবকভ; চিনের ব্রিক্স শেরপা রাষ্ট্রদূত মা ঝাওঝু; এবং দক্ষিণ আফ্রিকার ব্রিক্স শেরপা রাষ্ট্রদূত অনিল সুকলাল যথাক্রমে তাদের নিজ নিজ দেশের প্রতিনিধিদের নেতৃত্ব দিয়েছেন।

আগামী ৯ ই সেপ্টেম্বর ২০২১ তারিখে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে ভারতীয় ফরম্যাটে অনুষ্ঠিতব্য ত্রয়োদশ ব্রিক্স শীর্ষ সম্মেলনের প্রস্তুতি নিয়ে ব্রিক্স শেরপারা পর্যালোচনা করেছেন। শেরপারা নয়াদিল্লি ঘোষণা পত্র সহ শীর্ষ সম্মেলনের বিতরণযোগ্য বক্তৃতাগুলি নিয়ে আলোচনা করেছেন। ব্রিক্স সম্পর্কে পরিচালনার জন্য সংশোধিত ব্রিক্স শর্তাবলীকে তারা গ্রহণ করেছেন। একটি গঠনমূলক এবং সৌহার্দ্যপূর্ণ পরিবেশে আলোচনাগুলি অনুষ্ঠিত হয়েছে।

শেরপারা, কোভিড-১৯ অতিমারির প্রতিবন্ধকতা সত্ত্বেও আন্তঃব্রিক্স সহযোগিতাকে এগিয়ে নিয়ে যাবার ক্ষেত্রে ভারতের সফলতা এবং এর মূলভাব 'ব্রিক্স@15; ধারাবাহিকতা, একত্রীকরণ এবং ঐক্যমত্যের জন্য আন্তঃব্রিক্স সহযোগিতা' তৈরি করার জন্য ভারতের প্রশংসা করেছেন। ব্রিক্স থিংক ট্যাঙ্ক কাউন্সিলের প্রোটেক সভাপতি রাষ্ট্রদূত এইচ এইচ এস বিশ্বনাথন, বিশিষ্ট ফেলো (ওআরএফ) এবং ব্রিক্স সিভিল ফোরাম-এর প্রোটেক সভাপতি ডঃ সচিন চতুর্বেদী, ডিজি আরআইএস, ব্রিক্স শেরপাদের তাদের নিজ নিজ ক্ষেত্রের চূড়ান্ত প্রতিবেদন পেশ করেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর ০৭, ২০২১

**DISCLAIMER:** This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.